

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-৩ শাখা
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩/০৪ মে ২০২৬

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৬.১৫.০০০৭.১৮.৭১—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৪ এপ্রিল ২০২২ তারিখে ৪৪.০০.০০০০.০৯৬.৯৯.০২০.২১-৯৮(১২) নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন এবং ২২ জানুয়ারি ২০২৬ তারিখে ০৪.০০.০০০০.০০০.৭২১.০৬.০০০১.২৫.২০ নম্বর স্মারকে প্রশাসনিক পুনর্বিদ্যায় সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) এর সভার সুপারিশক্রমে ঠাকুরগাঁও জেলা পুলিশের সাংগঠনিক কাঠামোতে নবসৃষ্ট ভুল্লী থানার নামের বানান 'ভুল্লী' হিসেবে প্রতিস্থাপন করে সংশোধনপূর্বক ১৮৯৮ খ্রিষ্টাব্দের ফৌজদারি কার্যবিধি (৫নং আইন) এর ধারা-০৪ এর উপধারা (১) (এস)-এ প্রদত্ত সংজ্ঞানুসারে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নতি, দক্ষতার সাথে অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলা তদন্তের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার নিম্নবর্ণিত ৫টি ইউনিয়নের সমন্বয়ে 'ভুল্লী থানা' গঠন করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম
১	৪নং বড়গাঁও
২	৫নং বালিয়া
৩	৬নং আউলিয়াপুর
৪	১৫নং দেবীপুর
৫	১৮নং শুখানপুকুরী

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নাসরীন সুলতানা
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৭৭৬৫)

মূল্য : টাকা ৪.০০